

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড।

(কাস্টমস)

প্রত্নাপন

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৫৯-আইন/২০১৩/২৪৪৬/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, উক্ত Act এর THIRD SCHEDULE এর Item ১৭ এর সহিত পার্শ্বত্ব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

- (১) বিধি ৩ এর উপ-বিধি (৬) এ উলি-খিত “এক বোতল অথবা ৫০০ এম.এল.” শব্দগুলি, সংখ্যা এবং চিহ্নগুলির পরিবর্তে “দুই বোতল অথবা এক লিটার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ৪ এ উলি-খিত “৩০০ (তিনশত)” সংখ্যা, শব্দ এবং বন্ধনীর পরিবর্তে “৪০০ (চারশত)” সংখ্যা, শব্দ এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (৩) বিধি ৬ এর উপ-বিধি (১) এ উলি-খিত “১০০ (একশত)” সংখ্যা, শব্দ এবং বন্ধনীর পরিবর্তে “৩০০ (তিনশত)” সংখ্যা, শব্দ এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (৪) বিধি ৮ এর উপ-বিধি (৩) এ উলি-খিত “৩ (তিনি)” সংখ্যা, শব্দ এবং বন্ধনীর পরিবর্তে “৭ (সাত)” সংখ্যা, শব্দ এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (৫) তফসিল-২ এর -
 - (ক) কলাম (১) এর ক্রমিক নং ৯ এর বিপরীতে কলাম (২) এর এন্ট্রিতে উলি-খিত “আমদানি নীতি আদেশ ২০০৯-২০১২” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নের পরিবর্তে “আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;
 - (খ) কলাম (১) এর ক্রমিক নং ১১ এর বিপরীতে কলাম (৩) এর এন্ট্রি “৩০০/- টাকা (প্রতি বর্গমিটার)” সংখ্যা, চিহ্নগুলি, শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে “১৫০/- টাকা (প্রতি বর্গমিটার)” সংখ্যা, চিহ্নগুলি, শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং
- (৬) তফসিল-৩ এর ক্রমিক নং ২০ এর বিপরীতে পণ্যের নামে উলি-খিত “২১” সংখ্যা ও চিহ্ন এর পরিবর্তে “২২” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(ফারজানা আফরোজ)
প্রথম সচিব (শুল্ক)।